# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৯৫০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু‘আ

### আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُسَلِّمُ عَنْ يَمِينِهِ: «السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ» حَتَّى يُرَى بَيَاضُ خَدِّهِ الْأَيْمَنِ وَعَنْ يَسَارِهِ: «السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ» حَتَّى يُرَى بَيَاضُ خَدِّهِ الْأَيْسَرِ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَالنَّسَائِيّ وَالتِّرْمِذِيّ وَلَمْ يَذْكُرِ التِّرْمِذِيُّ حَتَّى يُرَى بَيَاضُ خَدِّهِ

### বাংলা

৯৫০-[১২] ’আবদুল্লাহ ইবনু মাস্‌’ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে সালাম ফিরাবার সময় ’’আসসালা-মু ’আলায়কুম ওয়া রহমাতুল্ল-হ’’ বলে ডান দিকে মুখ ফিরাতেন, এমনকি তাঁর চেহারার ডান পাশের উজ্জ্বলতা নজরে পড়ত। আবার তিনি বাম দিকেও ’’আসসালা-মু ’আলায়কুম ওয়া রহমাতুল্ল-হ’’ বলে মুখ ফিরাতেন, এমনকি তাঁর চেহারার বাম পাশের উজ্জ্বলতা দৃষ্টিতে পড়ত। (আবূ দাঊদ, তিরমিযী ও নাসায়ী)[1]

ইমাম তিরমিযী তাঁর বর্ণনায়, ’’এমন কি তাঁর চেহারার উজ্জ্বলতা দেখা যেত’’ এ বাক্য নকল করেননি।

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৬৬৯, তিরমিযী, নাসায়ী ১৩২৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ডান ও বাম দিকে সালাম দিতেন। সুতরাং শারী‘আতসম্মত হলো দু’টি সালাম সালাত (সালাত/নামায/নামাজ) হতে বের হওয়ার জন্য সালাম প্রথমে ডানদিকে। অতঃপর বামদিকে দিতেন السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ (আসসালা-মু ‘আলায়কুম ওয়া রহমাতুল্ল-হ)। আর সহীহ ইবনু হিব্বানে ইবনু মাস‘ঊদ-এর হাদীসে “ওয়া বারাকা-তুহু” শব্দ এসেছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55509

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন